মেহেরপুরের আশরাফপুরে মুক্তিযোদ্ধা আফতাব আলীর ইন্তেকাল

মেহেরপুর সদর উপজেলার আশরাফপুর গ্রামের মুক্তিযোদ্ধা আফতাব আলী ইন্তেকাল করেছেন(ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

শনিবার রাতে তিনি বার্ধক্যজনিত কারণে নিজ বাড়িতে ইন্তেকাল করেন । রবিবার সকালে পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় তার লাশ দাফন করা হয়। মৃত্যুকালে তার বয়স ছিল (৯৪) বছর। তিনি স্ত্রী, চার ছেলে ও তিন মেয়ে সহ অসংখ্য গুণাগ্রাহী রেখে গেছেন।

সদর উপজেলার সহকারি কমিশনার (ভূমি) মোহাম্মদ মাইনউদ্দিন রাষ্ট্রেরপক্ষ সালাম গ্রহণ করেন। এছাড়া ও উপস্থিত মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন আব্দুল মালেক, স্থানীয় ইউপি চেয়ারম্যান আনারুল ইসলাম, আশরাফপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক তাজউদ্দিন আহমেদসহ স্থানীয়রা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে ব্রি ধান ৮৭ জাতের বীজ প্রদান

“সিসা ফেজ থ্রি” প্রকল্পের আওতায় মেহেরপুর জেলার মাঠ পর্যায়ে বীজ উৎপাদনকারী কোম্পানীকে ব্রি ধান ৮৭ জাতের বীজ প্রদান করেছে আন্তর্জাতিক ভুট্টা ও গম উন্নয়ন কেন্দ্র (সিমিট) ।

শনিবার শহরের স্কয়ার সীডের মাঝে আন্তর্জাতিক ধান গবেষনা ইনিস্টিটিউট এর সহযোগিতায় এবং ইউ এস এইড এর আর্থিক অনুদানে এ বীজ প্রদান করা হয়। এর আগে মেহেরপুর সহ যশোর, নড়াইল, ঝিনাইদহ, চুয়াডাঙ্গা জেলায় মাঠ পর্যায়ে স্থানীয় পাঁচটি বীজ উৎপাদনকারী কোম্পানীকে ব্রি ধান ৮৭ জাতের বীজ প্রদান করা হয়।

এসব বীজ পরবর্তীতে কোম্পানী তাদের নিজস্ব কৃষকদের মধ্যে বিতরন করা হবে বলে জানিয়েছেন আন্তর্জাতিক ভুট্টা ও গম উন্নয়ন কেন্দ্রের কর্মকর্তারা। এছাড়া যশোরের “কৃষি উন্নয়ন কেন্দ্র”, নড়াইলের “উজিরপুর অর্গানিক মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ”, ঝিনাইদহের “ফ্রেন্ডস সীড”, চুয়াডাঙ্গার “মর্ডান এগ্রো প্রাইভেট লিঃ” কে এই কার্যক্রমের আওতাভুক্ত করা হয়েছে বলেও জানান তারা।

আন্তর্জাতিক ভুট্টা ও গম উন্নয়ন কেন্দ্রের খুলনা অঞ্চলের কো- অর্ডিনেটর খন্দকার শফিকুল ইসলাম বলেন, এই জাতের ধানের চাষ কৃষক পর্যায়ে শস্য নিবিড়তা বৃদ্ধি এবং সঠিক শস্য পর্যায় বজায় রাখতে সহায়ক হিসাবে কাজ করবে। বীজ উৎপাদনে বীজ প্রত্যয়ন এজেন্সীর উৎপাদন পদ্ধতি অনুসরনে কোম্পানীগুলির সঙ্গে সিসা প্রকল্প কৃষক পর্যায়ে কারিগরী সহায়তা প্রদান করবে। আশা করা যাচ্ছে ব্রি ধান ৮৭ কৃষক পর্যায়ে ব্যপক আলোড়ন তৈরী করবে এবং এর চাষাবাদ ক্রমশ বিস্তার লাভ করবে।

আন্তর্জাতিক ভুট্টা ও গম উন্নয়ন কেন্দ্রের কৃষি উন্নয়ন কর্মকর্তা (সিমিট, যশোর) হারুন অর রশিদ জানান, সিসা ফেজ-থ্রি প্রকল্প মূলত অত্র অঞ্চলে উন্নত ও নতূন জাতের ধান কৃষক পর্যায়ে উৎপাদন বৃদ্ধি ও বাজার সম্প্রসারন নিয়ে কাজ করে আসছে। সেই লক্ষ্যে বীজ কোম্পানীর প্রায় ৭ হেক্টর জমিতে ৫০ জন কৃষকের মাঝে বীজ উৎপাদনের জন্য ব্রি ধান ৮৭ প্রদান করা হয়। এই জাতটি মূলত একটি চিকন জাতের ধান যার জীবন কাল ১২৭ দিন এবং উপযুক্ত পরিবেশে ফলন প্রতি হেক্টরে ৬.৫ টন পর্যন্ত হয়।

মেহেরপুরে র্যাব সদস্যসহ ৩জন করোনা আক্রান্ত

মেহেরপুরে নতুন করে র্যাব সদস্য সহ তিনজন করোনা আক্রান্ত হয়েছে।

শনিবার সন্ধ্যায় এ তথ্য নিশ্চিত করেছেন মেহেরপুরের সিভিল সার্জন। আক্রান্তরা হলেন গাংনী র্যাব ক্যাম্পের এএসআই খবির মিয়া (৩৩), মেহেরপুর শহরের কাসারিপাড়ার তেলা মিয়ার স্ত্রী তানিয়া (৩৫) ও

কোলা গ্রামের তরিকুল ইসলাম।
মেহেরপুর সিভিল সার্জন ডাক্তার মোঃ নাসির উদ্দিন জানান,কুষ্টিয়া পিসিআর ল্যাব থেকে ৩৩ জনের নমুনা পরীক্ষার ফলাফল পাওয়া গেছে এতে তিনজনের করোনা শনাক্ত হয়েছে। আক্রান্তদের বাড়ি সহ পার্শ্ববর্তী কয়েকটি বাড়ি ঘোষণার প্রক্রিয়া চলছে।

র্যাব সদস্যকে প্রাথমিক ভাবে ক্যাম্পের রুম আইসোলেশনে রাখা হয়েছে। অন্য আক্রান্ত দুজন তাদের বাড়িতেই থাকবেন।
এ নিয়ে জেলায় মোট ৪২ জন অাক্রান্ত হলেন। এর মধ্যে সুস্থ্য ২০ জন, মৃত ৪ জন, ১৮ জন চিকিৎসাধিন রয়েছে।

উল্লেখ্য: এ পর্যন্ত মোট প্রাপ্ত রিপোর্টের সংখ্যা ১৫৪৬টি, মৃত্যু – ৪ জন (১ জন নতুন)। সুস্থ্য= ২০ জন (৫ জন নতুন)। মেহেরপুর জেলায় পজিটিভ কেইস এর সংখ্যা বর্তমানে ১৮ জন।

মেহেরপুরে আ’লীগ নেতার মৃত্যুতে জনপ্রশাসন প্রতিমন্ত্রীর শোক

মেহেরপুরে করোনা ভাইরাসে সংক্রামিত হয়ে জেলা আওয়ামীলীগের সাবেক অর্থ সম্পাদক আব্দুল মহি লাল্টুর(৬৫) মৃত্যুতে গভির শোক প্রকাশ করেছেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর ১ আসনের সংসদ সদস্য ফরহাদ হোসেন এমপি।

শনিবার সকালে মেহেরপুর প্রতিদিন পত্রিকার মাধ্যমে শোকাতর পরিবারের প্রতি গভির সমবেদনা জানিয়েছেন। সেই সাথে মৃতের আত্মার মাগফেরাত কামনা করেছেন। একই সাথে মেহেরপুরের সকল জনগনকে স্বাস্থ্যবিধি মেনে চলার আহবান জানিয়েছেন।

উল্লেখ্য, শনিবার ভোরে মেহেরপুর জেনারেল হাসপাতালের আইসোলেশন ইউনিটে চিকিৎসাধীন অবস্থায় আব্দুল মহি লাল্টুর মৃত্যু হয়। আব্দুল মহি মেহেরপুর শহরের নতুন পাড়ার মৃত মোহর আলী মুক্তারের ছেলে।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে ফেন্সিডিলসহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরে ১০ বোতল ফেন্সিডিলসহ আব্দুল আলিম নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ। শুক্রবার দিবাগত রাতে এস আই অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে অভিযান চালিয়ে মেহেরপুর সদর উপজেলার রাইপুর গোরস্থানপাড়ার বাইতুন নুর জামে মসজিদের সামনে থেকে তাকে আটক করা হয়।

আটক আব্দুল আলিম কুষ্টিয়া সদরের কালিশংকরপুর গ্রামের মৃত আব্দুল মমিন এর ছেলে।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী জানান, শুক্রবার মেহেরপুর সদরের রাইপুর থেকে ১০ বোতল ফেন্সিডিলসহ আব্দুল আলিম নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করা হয়েছে। তার বিরুদ্ধে একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে করোনায় আ.লীগ নেতার মৃত্যু

মেহেরপুরে করোনা আক্রান্ত হয়ে জেলা আওয়ামীলীগের সাবেক অর্থ সম্পাদক আব্দুল মহি লাল্টু (৬৫) মারা গেছেন।

শনিবার ভোরে মেহেরপুর জেনারেল হাসপাতালের আইসোলেশন ইউনিটে

চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। আব্দুল মহি মেহেরপুর শহরের নতুন পাড়ার মৃত মোহর আলী মুক্তারের ছেলে।

মেহেরপুরের সিভিল সার্জন ডা. মোঃ নাসির উদ্দীন জানান, আব্দুল মহি লাল্টু গত ৪ দিন যাবৎ মেহেরপুর জেনারেল হাসপাতালের করোনা ইউনিটে চিকিৎসাধীন ছিলেন। গতকাল শুক্রবার রাতে তার নমুনা পরীক্ষার ফলাফলে করোনা পজিটিভ আসে। চিকিৎসাধীন অবস্থায় শনিবার ভোেও তিনি মারা গেছেন। সরকারী স্বাস্থ্যবিধি অনুযায়ী আব্দুল মহি লাল্টুর লাশ দাফন করা হবে।

তিনি আরো জানান, এই প্রথম করোনা আক্রান্ত হয়ে মেহেরপুেও কেউ মারা গেলেন। এর আগে যে তিন জন মারা গেছেন তারা সকলেই উপসর্গ নিয়ে মারা গেছেন। পরে তাদেও করোনা পজিটিভ ফলাফল আসে।

তিনি জানান, এ পর্যন্ত মেহেরপুর জেলায় ১৫শ’১৩ জনের নমুনা পরীক্ষার ফলাফল পাওয়া গেছে। এর মধ্যে আক্রান্ত ৩৯জন। সুস্থ ১৬ জন ।

মেপ্র/এমএফআর

মেহেরপুর শহরের দুই জন করোনা আক্রান্ত

মেহেরপুরে রনি হোটেলের মালিক জীবন ও মোহর মুক্তার আলীর ছেলে মহিদ (লাল্টু) নামে নতুন করে দুই জন করোনায় আক্রান্ত হয়েছেন।

আজ শুক্রবার রাত সাড়ে ৯টার দিকে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. অলোক কুমার দাস এ তথ্য নিশ্চিত করেন।

তিনি আরো জানান, আক্রান্ত দুই জনই মেহেরপুর শহরের। এদের মধ্যে রনি আবাসিক হোটেলের মালিক জীবন এবং নতুন পাড়ার (চুলকানি মোড় এলাকার) মহিদ। মহিদ আশংকাজনক অবস্থায় মেহেরপুর জেনারেল হাসপাতালের আইসোলেশনে চিকিৎসাধীন রয়েছেন।

এনিয়ে মেহেরপুরে মোট ৪১ জন আক্রান্ত হয়েছেন। এর মধ্যে ১৬ জন সুস্থ হয়েছেন। ৩ জন মারা গেছেন। বর্তমানে চিকিৎসাধীন রয়েছেন ২২ জন।

করোনা আক্রান্ত হয়ে আমঝুপির সন্তান অ্যাড. শেখ নাসির উদ্দিনের মৃত্যু

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি গ্রামের সন্তান সুপ্রিম কোর্টের আয়কর আইনজীবী শেখ নাসির উদ্দিন (৭২) করোনায় আক্রান্ত হয়ে ইন্তকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

আজ শুক্রবার সকাল সাড়ে ৯টার দিকে রাজধানীর রিজেন্ট হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি শেষ নি:শ্বাস ত্যাগ করেন।

শেখ নাসির উদ্দিন মুজিবনগর সরকারি কলেজে প্রভাষক জাহির হোসেন চঞ্চলের চাচা। তিনি মৃত্যুকালে স্ত্রী ও তিন কণ্যা সন্তান রেখে গেছেন। ১০ দিন আগে তিনি করোনায় আক্রান্ত হলে তাকে রাজধানীর রিজেন্ট হাসপাতালে ভর্তি করা হয়।

গাংনীতে ৬ কেজি গাঁজাসহ দু’মাদক ব্যবসায়ীকে আটক

মেহেরপুরের গাংনীতে ৬ কেজি গাঁজা সহ দুজন মাদক ব্যবসায়ীকে আটক করেছে পুলিশ।
শুক্রবার বিকাল তিনটার সময় উপজেলার মটমুড়া ইউনিয়নের আকুবপুর চেকপোষ্ট থেকে গাঁজাসহ তাদের আটক করা হয়।

আটককৃতরা হলেন রাজবাড়ী জেলার গোয়ালন্দঘাট থানার দৌলতদিয়া এলাকার ইদ্রিস মৃধার ছেলে সোহেল মৃধা (২৫) ও একই এলাকার কনা হিজড়া(২৭)।
গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি মোঃ ওবায়দুর রহমান জানান, দুজন মাদক ব্যবসায়ী স্কুলব্যাগ যোগে গাঁজা পাচার করছে এমন সংবাদের ভিত্তিতে মেহেরপুরের পুলিশ সুপার এসএম মুরাদ আলীর নির্দেশে আকুবপুর এলাকায় অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করা হয়। পরে তাদের ব্যাগ তল্লাশি করে ৬কেজি গাঁজা উদ্ধার করা হয়। গ্রেপ্তারকৃতদের বিরুদ্ধে গাংনী থানায় মাদকদ্রব্য আইনে মামলা দায়ের পূর্বক আদালতে সোপর্দ করা হবে। তিনি আরো জানান সোহেল মৃধার নামে অস্ত্র ও মাদকের একটি মামলা রয়েছে।

৮ বছর দায়িত্বে তিন মাসের এডহক কমিটি

মেহেরপুর জেলা ক্রীড়া সংস্থা এডহক কমিটিতেই চলছে ৮ বছর ধরে। তিন মাসের মধ্যে নির্বাচন করার দায়িত্ব নিয়ে গঠিত এডহক কমিটি কাটিয়ে দিচ্ছেন বছরের পর বছর। তবে খুব বেশি খেলাধুলার দিকে মন নেই এ কমিটির।

বরাদ্দ আসলেও সেগুলো ঠিকমত ব্যায় হয়কিনা এ নিয়ে প্রশ্ন রয়েছে ক্রীড়াপ্রেমীদের। এর মধ্যে আব্দুর রকিব নামের একজনকে পিয়ন এবং মনিরুল ইসলাম মনি নামের আরেকজনকে স্থায়ীভাবে নৈশ প্রহরী হিসেবে নিয়োগ দিয়েছেন। এছাড়াও স্টেডিয়াম মার্কেটের দোকানও বরাদ্দ দিয়েছেন এই কমিটি।
তবে সংশ্লিষ্টদের দাবি অচিরেই জেলা ক্রীড়া সংস্থার নির্বাচন দিয়ে ক্রীড়াঙ্গনকে নির্বাচিত প্রতিনিধিদের হাতে তুলে দিয়ে ক্রীড়াঙ্গনের মান বাড়াতে হবে। এভাবে চলতে থাকলে যুব সমাজ খেলাধুলা ছেড়ে মাদকাসক্তের দিকে ধাবিত হবে। এছাড়া মামা আতাউল হাকিম লাল মিয়া ও ভাগ্নে আনোয়ারুল হক শাহীর হাত থেকেও রক্ষার করার দাবি জেলা ক্রীড়া সংস্থাকে।
২০১২ সালের ৫ এপ্রিল নির্বাচিত কমিটির মেয়াদ শেষ হলেও নানা জটিলতায় পরবর্তী নির্বাচন অনুষ্ঠিত হয়নি। পদাধিকার বলে জেলা প্রশাসক সভাপতি হলেও নির্বাচনের মাধ্যমে সাধারণ সম্পাদকসহ ১২ জন

সদস্য প্রত্যক্ষ ভোটের মাধ্যমে নির্বাচিত হয়ে থাকেন। সর্বশেষ নির্বাচিত কমিটি ২০০৮ সালের ৫ এপ্রিল থেকে ২০১২ সালের ৫ এপ্রিল পর্যন্ত দায়িত্ব পালন করেন। ওই কমিটিতে সাধারণ সম্পাদক হিসেবে দায়িত্বে ছিলেন সালেহ উদ্দিন আহমেদ আবলু।
পরবর্তি নির্বাচন সম্পন্ন করার জন্য মুক্তিযোদ্ধা আতাউল হাকিম লাল মিয়াকে সদস্য সচিব করে ১২ সদস্যর এডহক কমিটি করা গঠন করা হয়। এই কমিটির অন্যান্য সদস্যরা হলেন, আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, অ্যাড. ইয়ারুল ইসলাম, জিয়া উদ্দিন আহমেদ বিশ্বাস, মো: আক্কাস আলী, মো: মাহফুজুর রহমান রিটন, সাইফুল ইসলাম পল্টু, মো: আতর আলী, আনোয়ারুল হক শাহী, এহসানুল কবির আরিফ, মো: হাসানুজ্জামান হিলন, মো: শামীম জাহাঙ্গীর সেন্টু।
গঠনতন্ত্র অনুযায়ী এডহক কমিটির ৩ মাসের মধ্যে নির্বাচন সম্পন্ন করার কথা থাকলেও ৮ বছর পেরিয়ে গেলেও এখনো নির্বাচন অনুষ্ঠিত হয়নি। এ নিয়ে ক্রীড়াপ্রেমীরা মানববন্ধন, স্মারকলিপি প্রদান, সংবাদ সম্মেলনসহ বিভিন্ন আন্দোলন কর্মসূচী পালন করলেও কোন কাজে আসেনি। বিভিন্ন সময় দায়িত্বে থাকা জেলা প্রশাসকরা আশ্বাস দিলেও শেষ পর্যন্ত আর বাস্তবায়ন হয়নি।
২০১৩ সালে তৎকালিন অতিরিক্ত জেলা প্রশাসক আলমগীর হোসেন ঘোষিত নির্বাচনি তফসিল অনুযায়ী ওই বছরের ২১ ডিসেম্বর ভোট গ্রহনের তারিখ ঠিক করলেও পরবর্তিতে অদৃশ্য কারনে সেটিও বন্ধ হয়ে যায়। এডহক কমিটির সদস্য ও বর্তমান মেহেরপুর পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটন বলেন, এডহক কমিটির গঠন হওয়ার পর আমাকে ৪-৫ টা মিটিংয়ে ডাকা হয়েছিল। কিন্তু পরে অজানা কারনে আর আমাকে ডাকা হয় না। আমি একজন সদস্য হিসেবে সব সময় নির্বাচনের বিষয়ে সোচ্চার ছিলাম, এখনো আছি। নির্বাচন কেন অনুষ্ঠিত হয়নি আমার জানা নেই। আমি চাই যত দ্রুত সম্ভব একটি নির্বাচনের মাধ্যেমে নির্বাচিত কমিটি গঠন হোক। একই সাথে মেহেপুরের যুবসমাজকে খেলায় ফিরিয়ে আনা হোক। তা না হলে মাদকের ছোবল থেকে যুবসমাজকে রক্ষা করা কঠিন হবে।
এডহক কমিটির আরেক সদস্য ও জেলা আওয়ামী লীগের সহ সভাপতি আব্দুস সামাদ বাবলু বিশ্বাস বলেন, মামলা মোকাদ্দামার কারনে নির্বাচন অনুষ্ঠিত হয়নি। তারপরও জেলা প্রসাশক যদি মনে করেন তাহলে নির্বাচন সম্ভব। এছাড়াও তিনি বলেন, এর আগে যে নির্বাচিত কমিটি ছিল বিভিন্ন সময় বিভিন্নভাবে আর্থিক কেলেঙ্কারিতে জড়িত ছিল। আমরা দায়িত্ব নেওয়ার পর প্রতিনিয়ত খেলা-ধুলাসহ সকল কার্যক্রম যথাযথভাবে চলেছে, এখনো চলছে। আপনারা জানেন করোনা পরিস্থিতির আগে জেলা স্টেডিয়াম খেলা-ধুলায় মুখরিত থাকতো। এটা একটা চক্র ভালো চোখে দেখেনা। জেলা ক্রীড়া সংস্থার সাবেক সাধারণ সম্পাদক সালেহ উদ্দিন আহমেদ

আবলু বলেন, একটি পরিবারের কাছে বন্দী হয়ে আছে জেলা ক্রীড়া সংস্থা। ক্ষমতাসীনদের ব্যবহার করে মামা (লাল মিয়া), ভাগ্নে (শাহী) ও(আরিফ) একতরফা রাজত্ব করছেন ক্রীড়া সংস্থায়। কাগজে কলমে সব কিছু ঠিক থাকলেও বাস্তবে এর চিত্র ভিন্ন।
জেলা ক্রীড়া সংস্থার সদস্য আনোয়ারুল হক শাহীর সাথে যোগাযোগ করা হলে তিনি সদস্য সচিব আতাউল হাকিম লাল মিয়া ও সদস্য আব্দুস সামাদ বাবলু বিশ্বাসের সাথে যোগাযোগের পরামর্শ দেন।
জেলা ক্রীড়া সংস্থার এডহক কমিটির সদস্য সচিব আতাউল হাকিম লাল মিয়া ফোন রিসিভ না করায় কথা বলা সম্ভব হয়নি।
জেলা প্রশাসক আতাউল গনি বলেন, আমরা নির্বাচন সম্পন্ন করার জন্য পদক্ষেপ নিয়েছিলাম। কিন্তু করোনা পরিস্থিতির কারনে আর সম্ভব হয়নি। করোনা পরিস্থিতি স্বাভাবিক হয়ে গেলে নির্বাচনের উদ্যোগ গ্রহন করা হবে।